JUL 03 2002

ভোরের কাগজ

তারিখ ............
পৃষ্ঠা ১২ কলাম ৩

ক্লাস চালু করে শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনার দাবি

# শাহজালাল বিশ্ববিদ্যালয়ে রোববার থেকে আমরণ অনশন করবে শিক্ষার্থীরা

রমা প্রসাদ বাবু, শা.বি থেকে : শিক্ষার স্বাভাবিক পরিবেশ ফিরিয়ে আনতে শাহজালাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা আগামী রোববার থেকে আমরণ অনশনের ঘোষণা দিয়েছে। ফলে শা.বি পরিস্থিতি আরো ঘোলাটে হয়ে পড়েছে। একদিকে শিক্ষকদের কর্মবিরতি, অন্যদিকে ক্লাস চালুর দাবিতে সাধারণ শিক্ষার্থীরা আমরণ অনশন করার ঘোষণা দেওয়ায় ছাত্রছাত্রীদের অভিভাবক মহল উদ্বিগ্ন হয়ে পড়েছেন। ভুল সংবাদ পরিবেশনের অভিযোগে গতকাল অবস্থান ধর্মঘট চলাকালে শিক্ষার্থীরা একটি জাতীয় দৈনিকে অগ্নিসংযোগ করে। এদিকে, গত সোমবার রাতে ছাত্রদল ক্যাম্পাসে ও হলে শিক্ষা কার্যক্রম চালুর দাবিতে মশাল মিছিল করেছে।

গতকাল মঙ্গলবার পৌনে ১২টা থেকে পৌনে ১টা পর্যন্ত পূর্ব ঘোষণা অনুযায়ী ভিসি কার্যালয়ের সামনে সাধারণ ছাত্রছাত্রীরা ক্লাস চালু করার দাবিতে অবস্থান ধর্মঘট পালন করে। ভিসি ও প্রোভিসি বরাবর তারা স্মারকলিপিও প্রদান করে। ছাত্ররা স্মারকলিপিতে অবিলম্বে ক্লাস চালুসহ ভবিষ্যতে কোনো প্রকার ধর্মঘট বা ক্লাস বর্জনের শিকার না হয় এ মর্মে প্রশাসনের আশ্বাস কামনা করেছে। এ ব্যাপারে সাধারণ ছাত্রদের প্রতিনিধিদলকে ভিসি, এ অচলাবস্থা নিরসনের জন্য প্রশাসন সবসময় চেষ্টা করে যাচেছন এবং খুব শিগগিরই ক্লাস চাল হবে বলে আশ্বস্ত করেন। এ সময় উপাচার্য শফিকুর রহমান, উপ-উপাচার্য ড. মোসলেহ উদ্দিন এবং রেজিস্ট্রার জামিলুর রেজা চৌধুরী উপস্থিত ছিলেন।

পরবর্তী সময়ে সাধারণ ছাত্রছাত্রীরা আগামী রোববার আমরণ অনশনসহ আজ বুধবার সকাল ১১টায় ঘণ্টাব্যাপী ভিসি কার্যালয়ের সামনে প্রতীকী অনশন এবং আগামীকাল বৃহস্পতিবার এক সংবাদ সম্মেলন করার ঘোষণা দিয়েছে। এদিকে, অবস্থান ধর্মঘট চলাকালে ভুল সংবাদ প্রকাশের অভিযোগে ছাত্ররা 'দৈনিক যুগান্তর' পত্রিকার কয়েকটি কপিতে অগ্নিসংযোগ করে। এবং ঐ পত্রিকার শা.বি প্রতিনিধিকে অবাঞ্ছিত ঘোষণা করে।

ক্লাস চালুর দাবিতে ছাত্রদল গত সোমবার রাতে ক্যাম্পাসে ও শাহ পরান হলে মশাল মিছিল ও সমাবেশ করেছে। ছাত্রদলের স্টিয়ারিং কমিটির সদস্য নুরে আলম পারভেজের সভাপতিত্বে ও জুয়েলের পরিচালনায় বক্তারা প্রশাসনকে দায়ী করে অবিলম্বে ক্যাম্পাসে শিক্ষার স্বাভাবিক পরিবেশ ফিরিয়ে দেওয়ার দাবি জানায় এবং প্রক্টরকে ব্যর্থ অভিহিত করে প্রক্টরের পদত্যাগ দাবি করে।

এদিকে, বিশ্ববিদ্যালয়ের সার্বিক পরিস্থিতি পর্যালোচনার লক্ষ্যে শিক্ষক সমিতি আজ ১০টায় মিনি অডিটরিয়ামে এক জরুরি সাধারণ সভা ডেকেছে। এতে বিশ্ববিদ্যালয়ের বর্তমান অবস্থা সাপেক্ষে কর্মসূচি দেবে বলে শিক্ষক সমিতির একটি সূত্র জানায়।

গত রোববার সাধারণ ছাত্রছাত্রীরা ক্যাম্পাসে ক্লাস চালুর দাবিতে প্রক্টরের অনুমতি ব্যতিরেকে মানববন্ধন ও মৌনমিছিল করলে পরবর্তীকালে বেশ কয়েকজন ছাত্রের নামে প্রক্টর দপ্তর থেকে কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়। নতুবা তাদের বিরুদ্ধে প্রক্টরীয় আইনে ব্যবস্থা নেওয়া

● শেষের পৃষ্ঠা ১১ কলাম ৬

## শাহজালাল বিশ্ববিদ্যালয়ে রোববার থেকে

● শেষের পাতার পর

হবে বলে উল্লেখ করা হয়। এতে নাম প্রকাশে অনিচ্ছুক ছাত্ররা একে প্রক্টরের ক্ষমতার অপব্যবহার বলে অভিযোগ করে।

সর্বশেষ পরিস্থিতিতেও তদন্ত কমিটি তদন্ত রিপোর্ট জমা দিতে পারেনি বলে একটি সূত্র জানায়। এ রিপোর্ট লেখা পর্যন্ত বিশ্ববিদ্যালয় প্রশাসনের সার্বিক পরিস্থিতি নিয়ে অঘোষিত বৈঠক চলছিল।